**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

**সংবাদ গতিধারা**
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
**সংখ্যা ৫৪/২০১৮-১৯**
**ঢাকা, বুধবার ১৯ সেপ্টেম্বর ২০১৮, ৪ আশ্বিন ১৪২৫**
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ভারত থেকে তেল আনতে পাইপলাইন নির্মাণ উদ্বোধন করলেন বাংলাদেশ ও ভারতের দুই প্রধানমন্ত্রী

২। ইভিএম প্রকল্পসহ একনেকে ১৪টি প্রকল্প অনুমোদন

৩। প্রবৃদ্ধি বেড়ে ৭ দশমিক ৮৬ শতাংশ এবং দারিদ্র্যের হার কমে ২১ দশমিক ৮ শতাংশ

৪। জাতিসংঘ অধিবেশনে যোগ দিতে আগামী শুক্রবার ঢাকা ত্যাগ করছেন প্রধানমন্ত্রী

৫। জেল জরিমানার বিধান রেখে সংসদে কৃষি বিপণন বিল পাস
সরকারি কর্মচারীদের কল্যাণ সুবিধা বাড়াতে সংসদে বিল পাস

৬। পদ্মাসেতুর ৫৭ ভাগ কাজ শেষ : সংসদে সেতুমন্ত্রী

৭। যুক্তফ্রন্টের ৫ দফা অস্বাভাবিক সরকার আনার ষড়যন্ত্র : তথ্যমন্ত্রী

৮। শরীয়তপুরে নদী ভাঙনকবলিত এলাকা পরিদর্শন করলেন ত্রাণমন্ত্রী

৯। জলবায়ু তহবিলের স্বচ্ছতা নিশ্চিতে কাজ করতে হবে : বনমন্ত্রী

১০। দেশে প্রতিদিন ৩৪৮টি ট্রেন চলাচল করে : সংসদে রেলমন্ত্রী

১১। বিদেশে নারীশ্রমিক পাঠাতে বয়সসীমা ২৫ থেকে ৩৮ বছর নির্ধারণ : সংসদে প্রবাসী কল্যাণমন্ত্রী

১২। ৭০ লাখ দরিদ্র মা মাতৃত্বকালীন ভাতা পাচ্ছেন : সংসদে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী

১৩। তাজিয়া মিছিলে ধারালো অস্ত্র বহন করা যাবে না : ডিএমপি কমিশনার

চলমান পাতা-২

**১। ভারত থেকে তেল আনতে পাইপলাইন নির্মাণ উদ্বোধন করলেন বাংলাদেশ ও ভারতের দুই প্রধানমন্ত্রী**

জ্বালানি তেল আমদানির জন্য শিলিগুড়ি থেকে পার্বতীপুর পর্যন্ত ১৩০ কিলোমিটার দীর্ঘ 'বাংলাদেশ-ভারত ফ্রেন্ডশিপ পাইপলাইনের' নির্মাণকাজের উদ্বোধন করা হয়েছে। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ প্রকল্পের উদ্বোধন করেন। এ সময় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে নেওয়া যৌথ প্রকল্পগুলো বাংলাদেশকে উন্নয়নের ক্ষেত্রে আরও একধাপ এগিয়ে নেবে। উভয়দেশ মিলে যে কর্মসূচি গ্রহণ করছে, তা দুই দেশের উন্নয়নকে আরও ত্বরান্বিত করবে। ভারত-বাংলাদেশের দ্বিপাক্ষিক বিভিন্ন প্রকল্প দক্ষিণ এশিয়ার উন্নয়ন সম্ভাবনার দিগন্তকে আরো প্রসারিত করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অপরদিকে অনুষ্ঠানে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, ভৌগোলিকভাবে দুই দেশ প্রতিবেশি হলেও তা আজ পারিবারিক পর্যায়ে পৌঁছেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকার গণভবন থেকে এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দিল্লি থেকে ভিডিও কনফারেন্সে অংশ নেন। এছাড়া এ অনুষ্ঠানে ভারতীয় ঋণের টাকায় বাংলাদেশ রেলওয়ের ঢাকা-টঙ্গী সেকশনের তৃতীয় ও চতুর্থ ডুয়েলগেজ লাইন এবং টঙ্গী-জয়দেবপুর সেকশনে ডুয়েলগেজ ডাবল লাইন নির্মাণ প্রকল্পেরও উদ্বোধন করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৩)।

**২। ইভিএম প্রকল্পসহ একনেকে ১৪টি প্রকল্প অনুমোদন**

দেড় লাখ ইভিএম কেনার প্রকল্প অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। ৩ হাজার ৮২৫ কোটি ৩৪ লাখ টাকা ব্যয়ে 'নির্বাচন ব্যবস্থায় অধিকতর স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ক্রয়, সংরক্ষণ ও ব্যবহার' শীর্ষক প্রকল্পটি চলতি অর্থবছর থেকে শুরু করে ২০২৩ সালের জুন মেয়াদে বাস্তবায়ন করবে নির্বাচন কমিশন। ইভিএম ক্রয় ছাড়াও বিভিন্ন পর্যায়ের নির্বাচনসংশ্লিষ্ট ৩১১০ জন কর্মকর্তা-কর্মচারীকে এ বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে। তাছাড়া প্রচারণামূলক কার্যক্রমও বাস্তবায়ন করা হবে এ প্রকল্পের মাধ্যমে। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ইভিএমসহ ১২ হাজার ৫৪৪ কোটি ৯৪ লাখ টাকা ব্যয়ের ১৪টি প্রকল্প অনুমোদন দেওয়া হয়েছে। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল (জিওবি) হতে ৮৮৪২ কোটি টাকা, প্রকল্প সাহায্য আকারে ৩৪৪৫ কোটি ৬০ লাখ টাকা এবং সংস্থার নিজস্ব তহবিল হতে ২৫৭ কোটি টাকা ব্যয়ের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৬), **সমকাল** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। প্রবৃদ্ধি বেড়ে ৭ দশমিক ৮৬ শতাংশ এবং দারিদ্র্যের হার কমে ২১ দশমিক ৮ শতাংশ**

বিদায়ি (২০১৭-১৮) অর্থবছরে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি বেড়ে রেকর্ড ৭ দশমিক ৮৬ শতাংশ হয়েছে। মাথাপিছু আয় দাঁড়িয়েছে ১৭৫১ মার্কিন ডলারে। দেশের দারিদ্র্য হার কমে ২১ দশমিক ৮ ভাগে নেমেছে। সেইসাথে হতদরিদ্র মানুষের হারও কমে ১১ দশমিক ৩ ভাগে নেমেছে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) চূড়ান্ত হিসাবে এ চিত্র উঠে এসেছে। রেকর্ড প্রবৃদ্ধি ও দারিদ্র্যের সর্বশেষ তথ্য গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সামনে তুলে ধরেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। বৈঠকশেষে সংবাদসম্মেলনে পরিকল্পনামন্ত্রী জানান, এ অর্জন ঐতিহাসিক। এর সবচেয়ে বড় অবদান প্রধানমন্ত্রী শেখ হাসিনার। তাই একনেক সভার শুরুতে প্রধানমন্ত্রীকে ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয়েছে। জিডিপি'র এ প্রবৃদ্ধি গত অর্থবছরের বাজেটে নেওয়া লক্ষ্যমাত্রা ৭ দশমিক ৪ শতাংশের চেয়েও বেশি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১৪,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

**৪। জাতিসংঘ অধিবেশনে যোগ দিতে আগামী শুক্রবার ঢাকা ত্যাগ করছেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে যোগ দিতে আগামী শুক্রবার নিউইয়র্কের উদ্দেশে ঢাকা ত্যাগ করবেন। প্রধানমন্ত্রী ২৭ সেপ্টেম্বর সাধারণ পরিষদের ৭৩তম অধিবেশনে ভাষণ দেবেন এবং একইদিনে তাঁর জাতিসংঘ মহাসচিব অ্যান্তোনিও গুতেরেসের সঙ্গে বৈঠক করারও কথা রয়েছে বলে গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রীর কার্যালয় সূত্রে জানা গেছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১), **নিউ এজ** (শেষ পৃ.,ক.১)।

৫। **জেল জরিমানার বিধান রেখে সংসদে কৃষি বিপণন বিল পাস**
**সরকারি কর্মচারীদের কল্যাণ সুবিধা বাড়াতে সংসদে বিল পাস**

বাজারে কৃষিপণ্যের কৃত্রিম সঙ্কট সৃষ্টি করলে এক বছরের জেল ও এক লাখ টাকা জরিমানার বিধান রেখে কৃষি বিপণন বিল-২০১৮ সংসদে পাস হয়েছে। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়।

সরকারি কর্মচারীদের বিভিন্ন ধরনের কল্যাণ সুবিধা বাড়াতে 'বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড (সংশোধন) বিল-২০১৮' জাতীয় সংসদে পাস হয়েছে। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলামের পক্ষে প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক বিলটি পাসের প্রস্তাব উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৮), (পৃ.২,ক.৬), **প্রথম আলো** (পৃ.২,ক.৬)।

৬। **পদ্মাসেতুর ৫৭ ভাগ কাজ শেষ : সংসদে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সংসদে বলেছেন, ঢাকা থেকে ভাঙ্গা পর্যন্ত ছয় লেন সড়কের উদ্বোধন হবে আগামী **১৩** অক্টোবর। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঐ দিন এ সড়কসহ আরও কিছু উন্নয়ন কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করবেন। মন্ত্রী বলেন, এটিই হবে দেশের প্রথম ছয় লেনের এক্সপ্রেসওয়ে। **১৩** অক্টোবর প্রধানমন্ত্রী ছয় লেনের এক্সপ্রেসওয়ে ছাড়াও পদ্মাসেতুর রেলওয়ে প্রকল্প নির্মাণকাজ ও ইতোমধ্যে শেষ হওয়া নদী শাসন কার্যক্রম উদ্বোধন করবেন। মন্ত্রী জানান, পদ্মাসেতুর ৫৭ শতাংশ কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৩), সংবাদ (শেষ পৃ.,ক.৪)।

৭। **যুক্তফ্রন্টের ৫ দফা অস্বাভাবিক সরকার আনার ষড়যন্ত্র : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, একিউএম বদরুদ্দোজা চৌধুরী ও ড. কামাল হোসেনের নেতৃত্বাধীন যুক্তফ্রন্ট যে দাবি তুলেছে, সেগুলো জামায়াতে ইসলামীর দাবিরই ফটোকপি। তাদের ঘোষিত পাঁচ দফা দাবি সাংবিধানিক সংকট ও রাজনৈতিক অনিশ্চয়তা তৈরি করে দেশে অস্বাভাবিক সরকার আনার ষড়যন্ত্র। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) সচিবালয়ে নিজ দপ্তরে সমসাময়িক বিষয় নিয়ে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮), **যুগান্তর** (পৃ.৩,ক.৮)।

৮। **শরীয়তপুরে নদী ভাঙনকবলিত এলাকা পরিদর্শন করলেন ত্রাণমন্ত্রী**

গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) শরীয়তপুরে নদী ভাঙনকবলিত এলাকা পরিদর্শন করেন ত্রাণমন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া। মন্ত্রী শরীয়তপুরের নড়িয়ায় নদীভাঙনের কারণে ক্ষতিগ্রস্ত মানুষকে জরুরি ভিত্তিতে দুই কোটি টাকা নগদ সহায়তার ঘোষণা দেন এবং ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে পাঁচ হাজার বান্ডিল টিন, চার হাজার প্যাকেট শুকনো খাবার এবং আগামী চার মাস পর্যন্ত প্রতি মাসে পরিবার প্রতি ৩০ কেজি করে চাল দেওয়ার ঘোষণা দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩)।

৯। **জলবায়ু তহবিলের স্বচ্ছতা নিশ্চিতে কাজ করতে হবে : বনমন্ত্রী**

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেছেন, সরকারের একার পক্ষে জলবায়ু তহবিলের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব নয়। এজন্য সরকারি-বেসরকারি অংশীজন ও জনসাধারণকে সম্পৃক্ত করে সম্মিলিতভাবে কাজ করতে হবে। 'জলবায়ু অর্থায়ন ও সুশাসন বিষয়ে ইন্টিগ্রিটি ডায়ালগ ৩ : সবুজ জলবায়ু তহবিলে ন্যায্যতা ও স্বচ্ছতা' শীর্ষক এক সংলাপের সমাপনী অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) উদ্যোগে গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এ সংলাপ অনুষ্ঠিত হয়। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.৩,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

১০। **দেশে প্রতিদিন ৩৪৮টি ট্রেন চলাচল করে : সংসদে রেলমন্ত্রী**

বর্তমানে দেশে প্রতিদিন মোট ৩৪৮টি ট্রেন চলাচল করে। এর মধ্যে পূর্বাঞ্চলের ৩৮টি রুটে ২০৭টি এবং পশ্চিমাঞ্চলের ৫০টি রুটে ১৪১টি ট্রেন চলাচল করে বলে জানিয়েছেন রেলমন্ত্রী মুজিবুল হক। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৬)।

১১। **বিদেশে নারীশ্রমিক পাঠাতে বয়সসীমা ২৫ থেকে ৩৮ বছর নির্ধারণ : সংসদে প্রবাসীকল্যাণ মন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি সংসদে জানিয়েছেন, এখন থেকে বিদেশে গৃহকর্মে গমনেচ্ছু নারীশ্রমিকদের বয়স ২৫-৩৮ বছর নির্ধারণ করা হয়েছে। এর পাশাপাশি তাদের ভাষা, খাদ্যাভ্যাস ও পরিবেশগত বিষয়ে দক্ষ করার বিশেষ ব্যবস্থা রাখা হয়েছে। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৮,ক.৬)।

**১২। ৭০ লাখ দরিদ্র মা মাতৃত্বকালীন ভাতা পাচ্ছেন : সংসদে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী**

সারাদেশে ৭০ লাখ দরিদ্র মা জনপ্রতি মাসিক ৮০০ টাকা হারে মাতৃত্বকালীন ভাতা পাচ্ছেন বলে সংসদকে জানিয়েছেন মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) জাতীয় সংসদ অধিবেশনে এক প্রশ্নের জবাবে তিনি এ তথ্য জানান। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৮,ক.২)।

**১৩। তাজিয়া মিছিলে ধারালো অস্ত্র বহন করা যাবে না : ডিএমপি কমিশনার**

ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার আছাদুজ্জামান মিয়া বলেছেন, পবিত্র আশুরা উপলক্ষে তাজিয়া শোক মিছিলে ধারালো অস্ত্র, ধাতব বা দাহ্য পদার্থ, ব্যাগ-পোঁটলা, চায়ের ফ্লাস্ক, প্রেসার কুকার, লাঠি, ছোরা, চাকু, তলোয়ার, বর্শা ইত্যাদি বহন করা যাবে না। মিছিলে ঢাকঢোল বাজানো, আগুন ও আতশবাজির ব্যবহারেও নিষেধাজ্ঞার কথা জানান তিনি। গতকাল (১৮ সেপ্টেম্বর মঙ্গলবার) পুরান ঢাকার হোসেনী দালান ইমামবাড়া ঘিরে নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শনশেষে তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** বাংলাদেশে প্রতি বৎসর ২৮ শতাংশ মানুষ মারা যায় পরিবেশ দূষণজনিত অসুস্থতার কারণে বিশ্বব্যাংকের এক প্রতিবেদনে এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে দূষণের কারণ ও উৎসসমূহ উদঘাটন করে এ ব্যাপারে যথাযথ ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ।

খ. **যায়যায়দিন :** বাল্যবিবাহ বন্ধে একটি সার্বজনীন আইন প্রণয়নের পরিকল্পনা রয়েছে বলে জাতীয় সংসদে জানিয়েছেন আইনমন্ত্রী উল্লেখ করে এ পরিকল্পনা বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **প্রথম আলো :** গ্লোবাল ইনোভেশন ইনডেক্স ২০১৮ এর প্রতিবেদনে এশিয়া মহাদেশে উদ্ভাবনের দিক থেকে সবচেয়ে পিছিয়ে আছে বাংলাদেশ এ তথ্যের কথা উল্লেখ করে এ অবস্থা থেকে উত্তরণে এ ব্যাপারে বিনিয়োগ বাড়ানোর পাশাপাশি কার্যকর পদক্ষেপ নেওয়ার পরামর্শ।

ঘ. **যুগান্তর, সমকাল, সংবাদ :** প্রথম ও দ্বিতীয় শ্রেণির সরকারি চাকরিতে কোটা থাকবেনা এ সুপারিশ করেছে কোটা পর্যালোচনা কমিটি উল্লেখ করে বিষয়টি সুবিবেচনার সুপারিশ।

ঙ. **ভোরের কাগজ :** পদ্মার ভাঙ্গনে বিলীন হতে চলেছে শরীয়তপুরের নড়িয়া উপজেলা উল্লেখ করে এ বিপর্যয় মোকাবিলায় দীর্ঘমেয়াদি পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **নিউজ টুডে :** দেশের সম্ভাবনাময় পর্যটনশিল্পের বিকাশে নজর দেওয়ার সুপারিশ।

ছ. **বাংলাদেশ টুডে :** জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে এ খাতের উন্নয়নে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**আলোকিত বাংলাদেশ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ব্যাংকে ঋণখেলাপিদের রাষ্ট্রীয় শত্রু হিসেবে ঘোষণা করে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'মানবিক মূল্যবোধ আর মানবাধিকার'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, মানুষের জন্য রাজনীতি, মানুষের জন্যই ধর্ম, ধর্ম বা রাজনীতির জন্য মানুষ নয় এ সত্যটি উপলব্ধি করতে পারলে সমাজ থেকে হানাহানি ও নৈরাজ্য দূর হবে।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা